



জন্মান্ধ গফুর মল্লিকের পাশে মানবিক সহায়তা পাঠাচ্ছেন তারেক রহমান



সংগৃহীত ছবি

রাজবাড়ীর ৭৮ বছর বয়সী জন্মান্ধ গফুর মল্লিকের জীবনের সংগ্রামী কাহিনি ছুঁয়ে গেছে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের হৃদয়। ট্রেনে ফেরি করে নাড়ু ও বাদাম বিক্রি করে জীবিকা নির্বাহ করা এই প্রবীণের পাশে সহায়তার হাত বাড়াচ্ছেন তিনি।

গফুর মল্লিকের বাড়ি রাজবাড়ী সদর উপজেলার পাচুরিয়া ইউনিয়নের খোলা বাড়িয়া গ্রামে। আগামী বৃহস্পতিবার দুপুরে তার সঙ্গে সাক্ষাৎ করবেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব ও আমরা বিএনপি পরিবারের প্রধান উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। এ সময় ‘আমরা বিএনপির পরিবার’ সংগঠনের আহ্বায়ক আতিকুর রহমান রুমনের নেতৃত্বে একটি প্রতিনিধি দলও উপস্থিত থাকবে।

বুধবার (২৯ অক্টোবর) সংগঠনের সদস্য সচিব কৃষিবিদ মোকহেদুল মোমিন মিথুন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, সামাজিক যোগাযোগমাধ্যমে ‘জীবনের শেষ প্রান্তে বেঁচে থাকার লড়াইয়ে অন্ধ গফুর’ শিরোনামের একটি প্রতিবেদন লন্ডনে অবস্থানরত তারেক রহমানের নজরে আসে। প্রতিবেদনটি তার মনোযোগ আকর্ষণ করলে তিনি সঙ্গে সঙ্গে গফুর মল্লিকের পরিবারের খোঁজ নিতে নির্দেশ দেন সংগঠনের নেতাদের।

এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার দুপুর ১২টায় আমরা বিএনপি পরিবারের একটি প্রতিনিধি দল তারেক রহমানের পক্ষ থেকে গফুর মল্লিকের বাড়িতে গিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করবে এবং মানবিক সহায়তা প্রদান করবে।

রাজবাড়ী পৌর বিএনপির সাধারণ সম্পাদক এম এ খালেদ পাভেল বলেন, “প্রায় ৮০ বছর বয়সেও গফুর মল্লিক ট্রেনে ট্রেনে ঘুরে নাড়ু বিক্রি করে জীবিকা নির্বাহ করেন। ফেসবুকে তার ভিডিও প্রকাশের পর সারা দেশে আলোড়ন তোলে তার জীবনের এই সংগ্রাম। বিষয়টি তারেক রহমানের নজরে এলে তিনি নিজ উদ্যোগে সহায়তা পাঠানোর সিদ্ধান্ত নেন।”